অবশ্যই আল্লাহ আয্যা ওয়াজাল্লা লজ্জাশীল ও গোপনকারী। তিনি লজ্জা ও গোপন করাকে পছন্দ করেন। তোমাদের কেউ যখন গোসল করবে সে যেন ঢেকে নেয়।

ইয়া‘লা ইবন উমাইয়্যা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক লোককে খোলা জায়গায় লুঙ্গি ছাড়া গোসল করতে দেখে তিনি
মিম্বারে আরোহণ করেন। তারপর তিনি আল্লাহর প্রশংসা এবং গুণাগুণ বর্ণনা করেন। তারপর তিনি বলেন, “অবশ্যই আল্লাহ আয্যা ওয়াজাল্লা লজ্জাশীল ও গোপনকারী। তিনি লজ্জা ও
গোপন করাকে পছন্দ করেন। তোমাদের কেউ যখন গোসল করবে সে যেন ঢেকে নেয়।”
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক লোককে খোলা জায়গায় উলঙ্গ অবস্থায় গোসল করতে দেখেছেন। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারে আরোহণ করেন। তিনি আল্লাহর প্রশংসা এবং গুণাগুণ বর্ণনা করেন। তারপর তিনি বলেন, “অবশ্যই আল্লাহ আয্যা ওয়াজাল্লা লজ্জাশীল ও গোপনকারী। তিনি লজ্জা ও গোপন করাকে পছন্দ করেন। তোমাদের কেউ যখন গোসল করবে সে যেন গোপনীয়তা রক্ষা করে।” অর্থাৎ, আল্লাহর নামসমূহ হতে একটি নাম হলো, লজ্জাশীল ও গোপনকারী। তাই তিনি লজ্জা ও গোপন করাকে পছন্দ করেন। সুতরাং একজন মুসলিমের জন্য উচিৎ হবে না যে, যখন মানুষের সামনে গোসল করবে তখন সতর খুলবে। বরং তার সতর ডেকে রাখা ওয়াজিব। আল্লাহর লজ্জ আল্লাহর শান মোতাবেক একটি গুণ, তবে সেটা মাখলুকের লজ্জার মতো নয়, যার ধরণ হলো দোষী সাব্যস্ত বা দুর্নামের চেহারা পাল্টে যাওয়া ও ভয়ে ভীত হওয়া। বরং তার লজ্জার অর্থ হচ্ছে তার ব্যাপক রহমত, দয়া ও পরিপূর্ণ অনুগ্রহ এবং তার ক্ষমা ও সহনশীলতার সাথে যা মানানসই নয় সেটা ছেড়ে দেওয়া।

https://sunnah.global/hadeeth/bn/show/8292